

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৭.০০৩.১৫.৬৬৪

তারিখ : ২৯ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৩ জুলাই, ২০১৬ খ্রিঃ।

বিষয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান সংক্রান্ত।

সূত্র : নির্বাচন কমিশন সচিবায়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০২৯.১৬-৩৭৫, তারিখ : ২২ জুন, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব কামাল হোসেন, চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী কর্তৃক সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে হুমকি প্রদান ও তার সাথে ঔদ্ধত্য আচরণ করেছেন যা স্থানীয় সরকার (ইউনিয়ন, পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, আপনি জনাব কামাল হোসেন, চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা অনুযায়ী কেন আপনাকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, নোয়াখালী এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : [lgup1@lgd.gov.bd](mailto:lgup1@lgd.gov.bd)

জনাব কামাল হোসেন  
চেয়ারম্যান  
কুতুবপুর ইউনিয়ন পরিষদ  
বেগমগঞ্জ, নোয়াখালী।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, নোয়াখালী (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।